গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১১২-বিচার-৩/১ডি-১১/২০১৬,

তারিখঃ ৩০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
১২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকার দেউলিয়া বিষয়ক আদালতের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) (সাময়িকভাবে বরখাস্তকৃত) জনাব মোঃ জুয়েল রানা-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শক্রমে তাঁর বিরুদ্ধে ১১/২০১৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ জুয়েল রানার বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১৬ নং বিভাগীয় মামলায় আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকার দেউলিয়া বিষয়ক আদালতের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) (সাময়িকভাবে বরখাস্তকৃত) জনাব মোঃ জুয়েল রানা-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১৬ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং অত্র বিভাগের ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ৪৭৪-বিচার-৩/১ডি-১১/২০১৬ নং স্মারক প্রজ্ঞাপনমূলে প্রদত্ত তাঁর সাময়িক বরখাস্ত (Suspend) এর আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-১১২/১(১০)-বিচার-৩/১ডি-১১/২০১৬,

তারিখঃ ৩০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
১২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। জনাব মোঃ জুয়েল রানা, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) (সাময়িকভাবে বরখাস্তকৃত), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

22/02/2018

(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১